আমাকে ভীতি দ্বারা সাহায্য করা হয়েছে। যমীনের চাবিসমূহ আমাকে দেওয়া হয়েছে। আমার নাম আহমদ রাখা হয়েছে। মাটিকে আমার জন্য পবিত্র করা হয়েছে এবং আমার উম্মতকে সর্বশ্রেষ্ট উম্মত বানানো হয়েছে।

আলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামে বলেছেন, আমাকে এমন কিছু দেওয়া হয়েছে যা আমার পূর্বে কোনো
নবীকে দেওয়া হয় নি। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! তা কী? তিনি বললেন, আমাকে ভীতি
দ্বারা সাহায্য করা হয়েছে। যমীনের চাবিসমূহ আমাকে দেওয়া হয়েছে। আমার নাম আহমদ রাখা হয়েছে। মাটিকে আমার জন্য পবিত্র করা হয়েছে এবং আমার উম্মতকে সর্বশ্রেষ্ট উম্মত বানানো হয়েছে।
[সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

তার বাণী, “আমাকে এমন কিছু দেওয়া হয়েছে যা আমার পূর্বে কোনো নবীকে দেওয়া হয় নি” এর বাহ্যিক অর্থ হলো, উল্লিখিত বিষয়গুলো তার পূর্বে আর কারো জন্য ছিল না। “আমাকে ভীতি দ্বারা সাহায্য করা হয়েছে” অর্থাৎ আমার প্রতি শত্রুদের অন্তরে ভয় ঢেলে দেওয়া হয়েছে। এটিই তাঁর শত্রুদের অন্তরকে বিচুর্ণ করে দিত, তাদের অহংকারকে নিভিয়ে দিত এবং তাদের সংঘবদ্ধতাকে ভেঙ্গে দিত। তার বাণী: “চাবিসমূহ আমাকে দেওয়া হয়েছে” মিফতাহুন শব্দের বহুবচন। যে যন্ত্র দ্বারা খোলা হয়, তার নাম মিফতাহ। মূলত তা হলো, ঐ সব বিষয়সমূহ যা দ্বারা এমন কঠিনবস্তুসমূহকে বের করা যায়, যেগুলোর প্রতি পৌঁছা কঠিন। তার বাণী: “যমীনের খনিজ সম্পদসমূহ” শহরগুলো বিজিত হওয়ার আল্লাহর প্রতিশ্রুতির প্রতি ইঙ্গিত করা হয়েছে। এটি খাযানাতুন-এর বহুবচন। শহরবাসী তাতে তাদের সম্পদ গচ্ছিত করে রাখে, কারো হাতে সেটি বিজিত হওয়ার পূর্বে। “আমার নাম আহমদ রাখা হয়েছে” আল্লাহর সংরক্ষণের ফলে ইতোপূর্বে এ দ্বারা কারো নাম রাখা হয় নি। যাতে দূর্বল অন্তরে কোনো প্রকার গড়মিল তৈরি না হয় অথবা পূর্বের কিতাবসমূহে আহমাদ দ্বারা যাকে উল্লেখ করা হয়েছে তার ব্যাপারে সন্দেহ দেখা না দেয়। তার বাণী: “মাটিকে আমার জন্য পবিত্র করা হয়েছে” পানি পাওয়া যখন কষ্টকর হয় তখন তা পবিত্রকারী।

https://sunnah.global/hadeeth/bn/show/10025